গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.১৪.০১১.১৬/৫৪ তারিখঃ ৩০ জানুয়ারি ২০১৭

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ২৪-০১-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ০৫-০২-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস. এম. শফিকুল ইসলাম)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

সংযুক্তিঃ বর্ণনামতে।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
<u>বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩</u>

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন <u>অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।</u>

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৪-০১-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থার ৮৫টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৬-১৭ অর্থ বছরে মোট ১৬০৪০.০৮ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ২৯টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এ জন্য বরাদ্দ রয়েছে মোট ৩০৮৬.৬৩ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৬-১৭ অর্থ বছরের সর্বমোট এডিপি বরাদ্দ ১৯১২৬.৭১ কোটি (জিওবি ৬৭৪৪.০৮ কোটি, পিএ ৬২৯৬ কোটি, ইসিএ ৩০০০ কোটি এবং নিজস্ব অর্থায়ন ৩০৮৬.৬৩ কোটি) টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতিত) বিপরীতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৬০১৭.৯৮ কোটি টাকা যা মোট এডিপি বরাদ্দের ৩৮.১৪%। গত বছর একই সময় আর্থিক অগ্রগতি ছিল ২৭.২৮%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৯টি প্রকল্পের জন্য চলতি অর্থ বছরে ৩০৮৬ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ১০৪৫.৫৫ কোটি টাকা (৩৩.৮৭%)। সব মিলিয়ে ১১৪টি প্রকল্পের জন্য মোট এডিপি বরাদ্দের পরিমাণ ১৯,১২৬.৭১ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ৭০৬৩.৫৩ কোটি টাকা (৩৬.৯৩%)।

২.২ সভায় জানানো হয় যে, চলমান ৮৫টি প্রকল্পের মধ্যে ০% অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ৩৬টি, এর মধ্যে ১৬টি প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরের এডিপিতে কোন বরাদ্দ প্রদান করা হয়নি। এছাড়া ৪০% পর্যন্ত অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৫টি এবং ৪০% এর বেশী অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৪টি যার মধ্যে ৪টি প্রকল্পের অগ্রগতি শতভাগের বেশী। প্রকল্প ৪টি হলো (১) শিকলবাহা ২২৫ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ - আর্থিক অগ্রগতি ১৬৪%; (২) এক্সটেনশন অব বড়পুকুরিয়া কোল ফায়ারড থার্মাল পাওয়ার স্টেশন বাই ২৭৫ মেঃওঃ (থার্ড ইউনিট) - আর্থিক অগ্রগতি ১০৮%; (৩) আশুগঞ্জ ৪৫০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প (নর্থ)- আর্থিক অগ্রগতি ১০২% এবং (৪) রামপাল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় দ্বিতীয় ব্লকের ভূমি উন্নয়ন, সংরক্ষণ ও বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রকল্প - আর্থিক অগ্রগতি ১০০%।

২.৩। আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত সচিব জুলাই-ডিসেম্বর/ ২০১৬ সময়ের এডিপি বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং যেসব প্রকল্পের অগ্রগতি তুলনামূলক কম সেসব প্রকল্প বাস্তবায়নে আরো উদ্যোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন। আরএডিপি-তে প্রস্তাবিত বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্যও তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। ভারপ্রাপ্ত সচিব বলেন যে, যেসব প্রকল্পের জন্য আরএডিপি-তে প্রস্তাবিত জিওবি অর্থের শতভাগ বাস্তবায়নে অনিশ্চয়তা রয়েছে সেসব প্রকল্পের জিওবি'র অতিরিক্ত অর্থ ২৫/০১/২০১৭ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

২.৪। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে বরাদ্দ থাকা সত্বেও ২০টি প্রকল্পের কোন অর্থ ব্যয় না হওয়ার কোন যুক্তিই গ্রহণযোগ্য নয়। তিনি শ্লথ গতি সম্পন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণের জন্য বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন এবং যেসব প্রকল্প পরিচালকগণ প্রকল্প বাস্তবায়নে যথেষ্ট উদ্যোগী/দক্ষ নয় সেসব প্রকল্প পরিচালকদের তালিকা তাঁর নিকট উপস্থাপনের জন্যও নির্দেশনা প্রদান করেন।

২.৫। সভাপতি Monenco Iran Consulting Engineering কর্তৃক দাখিলকৃত Reliability Study of Bangladesh Power Grid System এর বিষয়ে পিজিসিবি কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে পিজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, উক্ত বিষয়ে এখনো কোন উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি। এ প্রসংগে পাওয়ার -

<u>চলমান পাতা-২</u>

সেলের ডিজি জানান যে, Monenco কর্তৃক Reliability Study of Bangladesh Power Grid System এর বিষয়ে মে ২০১৬ মাসে দাখিলকৃত প্রতিবেদনটি পিজিসিবি-তে প্রেরণ করা হয়। পরবর্তী সময়ে বিদ্যুৎ বিভাগের সচিবের সভাপতিত্বে উক্ত বিষয়ে ১৪/০৭/২০১৬ তারিখে একটি সভা হয়। সভায় Monenco কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের বিষয়ে ১ মাসের মধ্যে কর্মপরিকল্পনা ও প্রকল্প প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য পিজিসিবি-কে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত প্রেক্ষিতে পিজিসিবি কর্তৃক কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় সভাপতি তীব্র অসন্তোষ ব্যক্ত করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	২০১৭-১৮ অর্থ বছরের MTBF সিলিং অনুসারে যেসব প্রকল্পের বরাদ্দ এখনো অর্থ বিভাগের IBAS এ এন্ট্রি দেয়া হয়নি সেসব প্রকল্পের বরাদ্দ সম্পর্কে আগামী ২৫/০১/২০১৭ তারিখের মধ্যে IBAS এ এন্ট্রি দিতে হবে।	সকল সংস্থা/কোম্পানি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.২	২০১৬-১৭ অর্থ বছরের আরএডিপি-তে প্রস্তাবিত বরাদ্দের শতভাগ ব্যয়ের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। যেসব প্রকল্পের জন্য আরএডিপি-তে প্রস্তাবিত জিওবি অর্থের শতভাগ বাস্তবায়নে অনিশ্চয়তা রয়েছে সেসব প্রকল্পের জিওবি'র অতিরিক্ত অর্থ ২৫/০১/২০১৭ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।	সকল প্রকল্প পরিচালক
৩.৩	বাবিউবো কর্তৃক বাস্তবায়িত "বাংলাদেশ সেন্ট্রাল জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রজেক্ট" প্রকল্পের প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) আগামী ৩১/০১/২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বিদ্যুৎ বিভাগে দাখিল করতে হবে।	বিপিডিবি
৩.৪	শ্লথ গতিসম্পন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিদ্যুৎ বিভাগ থেকে নিয়মিত পরিবীক্ষণ করতে হবে এবং যেসব প্রকল্প পরিচালক প্রকল্প বাস্তবায়নে যথেষ্ট উদ্যোগী/দক্ষ নয় সেসব প্রকল্প পরিচালকদের তালিকা মাননীয় প্রতিমন্ত্রীর সমীপে উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ বিদ্যুৎ বিভাগ
৩.৫	মনপুরা উপজেলাকে নবায়নযোগ্য জ্বালানি উপজেলা হিসেবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। একই সাথে বাউফল, দশমিনা ও রাঙ্গাবালি উপজেলার যেসব এলাকায় বাপবিবো কর্তৃক বিদ্যুৎ সংযোগ দেয়া সম্ভবপর হবে না সেসব এলাকা নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	স্রেডা
৩.৬	KfW, IDB ও ADB এর অর্থায়নে বাস্তবায়নাধীন/বাস্তবায়িতব্য প্রি-পেমেন্ট মিটার প্রকল্পসমূহের টেন্ডার ডক্যুমেন্ট চূড়ান্ত করে জরুরীভিত্তিতে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট বিতরণ সংস্থা /কোম্পানি ও প্রকল্প পরিচালক
৩.৭	Monenco কর্তৃক দাখিলকৃত Reliability Study of Bangladesh Power Grid System শীর্ষক প্রতিবেদনের সুপারিশ সম্পর্কে দীর্ঘ ৬ মাসেও কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ না করার বিষয়ে আগামী ৩১/০১/২০১৭ তারিখের মধ্যে পিজিসিবি ব্যাখ্যা প্রদান করবে।	পিজিসিবি
৩.৮	প্রি-পেমেন্ট মিটারের সফটওয়্যার ও অপারেশনের বিষয়ে বিতরণ সংস্থাসমূহের কর্মকর্তাগণের জন্য ফেব্রুয়ারি ২০১৭ মাসের মধ্যে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	পাওয়ার সেল
৩.৯	জুলাই ২০১৬ হতে জানুয়ারি ২০১৭ পর্যন্ত প্রকল্পভিত্তিক এডিপি বাস্তবায়নের অগ্রগতির তথ্য ৩১ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ওয়েব বেইজড মনিটরিং সিস্টেমে আপলোড করতে হবে।	সকল সংস্থা/কোম্পানি সকল প্রকল্প পরিচালক

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী